

নবী (সা.) এর ছলাত সম্পাদনের পদ্ধতি

বিভাগ/অধ্যায়ঃ সালাত বিষয়ে বিস্তারিত

রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ নাছিরুদ্দিন আলবানী (রহ.)

ফরয ও নফল ছলাতে সরব ও নীরবে কিরা'আত পাঠ প্রসঙ্গ

নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) ফজরের ছলাত এবং মাগরিব ও ইশার ছলাতের প্রথম দুই রাকাআতে সরবে কিরা'আত পড়তেন এবং যুহর, আছর, মাগরিবের তৃতীয় রাকাআতে ও ইশা'র শেষ দু'রাক আতে নীরবে কিরা'আত পড়তেন।[1]

ছাহাবাগণ নীরব কিরা'আত বিশিষ্ট ছলাতে নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর দাড়ির নড়াচড়া[2] দেখে আবার কখনো তার দ্বারা তাদেরকে আয়াত বিশেষ শুনানোর মাধ্যমে তাঁর কুরআন পাঠের প্রমাণ পেতেন।[3] নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) জুমুআ, দুই ঈদ[4] ইসতিসকা (পানি চাওয়া)[5] ও সূর্যগ্রহণের[6] ছলাতেও সরবে কিরা'আত পাঠ করতেন।

ফুটনোট

[1] এ বিষয়ে অনেক বিশুদ্ধ হাদীছ থাকার সাথে সাথে এর উপর মুসলিম সম্প্রদায়ের ইজমাও হয়েছে যা পূর্ববর্তীদের থেকে পরবর্তীদের দ্বারা সংকলিত হয়েছে। যেমনটি বলেছেন ইমাম নববী। অচিরেই এর কিছু পরবর্তীতে আসছে। আরো দেখুন- ইরওয়া (৩৪৫)

[2] বুখারী ও আবু দাউদ।

[3] বুখারী ও মুসলিম।

[4] দেখুন নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এর কিরা'আত ছলাতুল জুমু'আহ ও ছলাতুল ঈদাইন অধ্যায়ে।

[5] বুখারী ও আবু দাউদ।

[6] বুখারী ও মুসলিম।